ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯৭৯
আগরতলা, ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

**সাংবাদিক সম্মেলনে অর্থ সচিব**

**রাজ্যে এবছর জিএসটি সংগ্রহ ১৬.০৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে**

রাজ্যে এবছর জিএসটি সংগ্রহ (রাজ্য এবং কেন্দ্র মিলিয়ে) বৃদ্ধি পেয়েছে ১৬.০৭ শতাংশ। ২০২৪-এর জানুয়ারি মাস পর্যন্ত রাজ্যে জিএসটি সংগৃহিত হয়েছে ৩৩০৩.৫৮ কোটি টাকা। গত বছর ২০২৩ এর জানুয়ারি মাস পর্যন্ত যা ছিল ২৮৪৬.৩১ কোটি টাকা। আজ সচিবালয়ে প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় এই তথ্য জানান। তিনি বছরভিত্তিক শুল্ক ও রাজস্ব আদায়ের পরিসংখ্যান তুলে ধরে জানান, ২০২৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত এক বছরে রাজ্যে আবগারি শুল্ক সংগ্রহ হয়েছে ৩২৭.৯০ কোটি টাকা। যা ২০২৩ এর জানুয়ারি মাস পর্যন্ত এক বছরে হয়েছিল ২৯৮.০৮ কোটি টাকা। এতে রাজ্যে আবগারি শুল্ক আদায়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে ১০ শতাংশ। ২০২৪-এর জানুয়ারি মাস পর্যন্ত যানবাহনের উপর কর সংগৃহিত হয়েছে ১০৮.৬৯ কোটি টাকা। যা ২০২৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত হয়েছিল ৯৬.১১ কোটি টাকা। এতে গত বছরের তুলনায় যানবাহনের উপর কর সংগ্রহের পরিমাণ ১৩.০৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সাংবাদিক সম্মেলনে অর্থ সচিব জানান, ২০২৪ - এর জানুয়ারি পর্যন্ত বিক্রয় কর আদায় হয়েছে ৪২৮.৩২ কোটি টাকা। ২০২৩ - এর জানুয়ারি পর্যন্ত বিক্রয় কর আদায় হয়েছিল ৩৬৭.৬৭ কোটি টাকা। এতে গত বছরের তুলনায় বিক্রয় কর আদায় বৃদ্ধি পেয়েছে ১৬.৫০ শতাংশ। ২০২৪-এর জানুয়ারি মাস পর্যন্ত সামগ্রিকভাবে রাজ্যের রাজস্ব কর আদায় হয়েছে ২৬৫৬.৮৬ কোটি টাকা। যা ২০২৩ -এর জানুয়ারি মাস পর্যন্ত ছিল ২৪৬৪.৪৫ কোটি টাকা। গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে ৭.৮১ শতাংশ। ২০২৪-এর জানুয়ারি পর্যন্ত রাজ্যে সামগ্রিকভাবে কর বর্হিভূত খাতে রাজস্ব আদায় হয়েছে ৩৩৭.২৮ কোটি টাকা। যা ২০২৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত ছিল ৩১৪.৫০ কোটি টাকা। এতে গত বছরের তুলনায় রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে ৭.২৪ শতাংশ।

সাংবাদিক সম্মেলনে অর্থ সচিব আরও জানান, ইতিমধ্যেই জে আর বি টি-র মাধ্যমে ১০ জন লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি) ডাইরেক্টোরেট অব ট্রেজারিতে নিয়োগ করা হয়েছে। টিপিএসটি-র মাধ্যমে আরও ২৩টি সিনিয়র কম্পিউটার অ্যাসিস্টেন্স শূন্যপদে নিয়োগ করা হবে। এছাড়াও ট্রেজারি দপ্তরে বিভিন্ন বিভাগে ৩২টি নন-টেকনিক্যাল শূন্যপদ পূরণের জন্যও উদ্যোগ নেওয়া হয়েছে। সচিব আরও জানান, আর্থিক ব্যবস্থাপনা আরও দক্ষতার সঙ্গে সম্পন্ন করার উদ্দেশ্যে রাজ্য অর্থ দপ্তর আই এফ এম এস ২.০ (ইন্টিগ্রেটেড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম) এর নতুন সংস্করণ বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করেছে। এই বিষয়ে ইতিমধ্যেই অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকারের নেতৃত্বে একটি দল রাজস্থান থেকে প্রশিক্ষণ নিয়ে এসেছেন। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন অ্যাডিশনাল কমিশনার অব টেক্সেস এল. রাংখল এবং অ্যাসিসটেন্ট কমিশনার অব টেক্সেস অসীম বর্মন।

******